94824 - আই ইউ ডি ব্যবহার করার কারণে যে নারীর মাসিকের সময় বেড়ে গেছে

প্রশ্ন

রমযান মাসে আমার স্ত্রীর হায়েয শুরু হওয়ার পর সে আই ইউ ডি সেট করার জন্য গিয়েছে। যার ফলে তার হায়েযের দিন বেড়ে যায় এবং সে ১১ দিন রোযা রাখতে পারেনি। পরবর্তীতে সাব্যস্ত হয়েছে যে, এর মধ্যে ৪ দিনের রক্ত হায়েযের রক্ত ছিল না; বরং তা ছিল সাধারণ রক্তপাত...। এই দিনগুলোর বিধান কী? এর জন্য কি কোন কাফ্ফারা আছে? থাকলে সেটা কি?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

এক:

যদি আই ইউ ডি এর কারণে রক্তপাতের সময় বেড়ে যায় এবং রক্তপাতে কোন বিচ্ছেদ না ঘটে থাকে তাহলে সবটা হায়েয হিসেবে গণ্য হবে। উদাহরণস্বরূপ তার স্বাভাবিক হায়েয হচ্ছে সাতদিন; কিন্তু বেড়ে গিয়ে এগার দিন হল।

আর যদি সাতদিন পর রক্তপাত বন্ধ হয়ে যায় এবং সে নারী পবিত্রতার ব্যাপারে নিশ্চিত হন; এরপর আরও চারদিন রক্তপাত হয়; এমন রক্ত যা হায়েযের পরিচিত রক্ত থেকে আলাদা এবং তা আই ইউ ডি এর কারণে ঘটে থাকে তাহলে এ চারদিন হায়েয হিসেবে গণ্য হবে না। বরং ইস্তিহাযা হিসেবে গণ্য হবে।

অনুরূপভাবে যদি মেডিকেলে পরীক্ষার মাধ্যমে সাব্যস্ত হয় যে, এটি সাধারণ রক্তপাত; হায়েযের রক্ত নয় সেক্ষেত্রেও এটি ইস্তিহাযা হিসেবে গণ্য হবে।

দুই:

যদি কোন নারী রক্ত দেখে সেটাকে হায়েয মনে করে রোযা না রাখেন এবং পরবর্তীতে প্রমাণিত হয় যে, এটি ইস্তিহাযার রক্ত ছিল; সেক্ষেত্রে তার উপর এ দিনগুলোর রোযা কাযা পালন ছাড়া অন্য কিছু আবশ্যক হবে না।

সারকথা: যদি সাব্যস্ত হয় যে, এ দিনগুলো হায়েয ছিল না তাহলে তার উপর কাযা পালন ছাড়া অন্য কিছু আবশ্যক নয়।

আল্লাহ্ই সর্বজ্ঞ।